রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ২২, ২০১৯

**মহানগর দায়রা জজ ও সিনিয়র স্পেশাল জজ আদালত, ঢাকা।**

**উপস্থিত : জনাব কে. এম. ইমরুল কায়েশ,**
**মহানগর দায়রা জজ ও**
**সিনিয়র স্পেশাল জজ, ঢাকা।**

**<u>Permission Petition No. 62/2019</u>**

আদেশ নং-০১, তাং ২৫-০৪-২০১৯ ইং

তদন্তকারী কর্মকর্তা জনাব মোঃ মনিরুল ইসলাম, সহকারী পরিচালক তদন্তকারী কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১, ঢাকার স্মারক নং-১৬২৭, তাং ২৫-০৪-১৯ খ্রিঃ, ও রমনা (ডিএমপি) মডেল থানার মামলা নং-১৯, তারিখঃ ১০(০১)২০১৯ খ্রিঃ মূলে আসামী মোঃ দেলোয়ার হোসেন, এস, আই (সঃ), ক্লার্ক, ১ আর্মড পুলিশ ব্যাটালিয়ন, উত্তরা, ঢাকা, পিতা-মোঃ আমিনুল হক, সাং-উত্তর গোবধা, দুর্গাপুর, থানা-আদিতমারী, জেলা-লালমনিরহাট এর বিরুদ্ধে গত ২৭-০৯-২০১৭ খ্রিঃ তারিখে দুর্নীতি দমন কমিশনে দাখিলকৃত সম্পদ বিবরণীতে অবৈধ সম্পদ গোপন করার অসৎ উদ্দেশ্যে ৪২,৭৯,০৫৬/৪৬ (বিয়াল্লিশ লক্ষ উনআশি হাজার ছাপ্পান্ন টাকা ছেচল্লিশ পয়সা) টাকা মূল্যের সম্পদের তথ্য গোপন করে ও ১,৩৭,৫৯,৫২৭/৫০ (এক কোটি সাঁইত্রিশ লক্ষ উনষাট হাজার পাঁচশত সাতাশ টাকা পঞ্চাশ পয়সা) টাকার জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জনপূর্বক তা দখলে রেখে এবং মিউচুয়াল ট্রাষ্ট ব্যাংক লিঃ, ফুলবাড়িয়া শাখা, ঢাকায় রক্ষিত ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকার এফ ডি আর এর তথ্য গোপন ও স্থানান্তর করার অভিযোগে সূত্রে বর্ণিত মামলাটি দায়ের করা হয়।

আসামী মোঃ দেলোয়ার হোসেন (এনআইডি নং-১৯৭৪২৬৯৯৫০১৯৪৮৬৭৮) কর্তৃক তার নিজ নামে এবং তার প্রথমা স্ত্রী মোছাঃ শেফালী বেগম (বর্তমানে মৃত) ও দ্বিতীয় স্ত্রী মিসেস মনিরা ইয়াসমিন হাসি (এনআইডি নং-১৯৮২৫২২৫৫০৩১১২০৩৭) এর নামে অর্জিত জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ সুনির্দিষ্টভাবে চিহ্নিত করতে না পারায় উল্লিখিত ব্যক্তিগণের নামীয় প্রায় সমমূল্যের নিম্নেবর্ণিত স্থাবর ও অস্থাবর সম্পদ যাতে হস্তান্তর করতে না পারে সেজন্য মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ১৪ ধারা এবং দুর্নীতি দমন কমিশন বিধিমালা, ২০০৭ এর ১৮ বিধিমতে বর্ণিত স্থাবর সম্পত্তি ক্রোক (Attach) ও ব্যাংকের হিসাবসমূহের লেনদেন অবরুদ্ধ (Freeze) করার প্রার্থনা করেন। রাষ্ট্রপক্ষের বিজ্ঞ স্পেশাল পিপি দরখাস্তটি Seen করিয়াছেন।

নথি শুনানির জন্য নেওয়া হল। দুর্নীতি দমন কমিশনের পক্ষে উপস্থিত বিজ্ঞ পিপি'র বক্তব্য শুনলাম। স্থাবর ও অস্থাবর সম্পত্তি ক্রোক ও অবরুদ্ধকরণের প্রার্থনার মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ১৪ ধারার অধীন আনীত দরখাস্ত পর্যালোচনা করা হইল। দরখাস্ত দৃষ্টে প্রতীয়মান হয় যে, দরখাস্তে বর্ণিত স্থাবর, অস্থাবর ও ব্যাংক হিসাবে রক্ষিত অর্থ যা অভিযুক্ত কর্তৃক মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর অধীনে বর্ণিত অপরাধের সাথে সম্পৃক্ত এবং বর্ণিত স্থাবর ও অস্থাবর সম্পত্তি এ মুহূর্তে ক্রোক ও অবরুদ্ধ করা না হইলে উহা হস্তান্তর হওয়ার সমূহ সম্ভাবনা রহিয়াছে। বিজ্ঞ পিপি'র বক্তব্য ও দরখাস্তে বর্ণিত আবেদন বিবেচনায় দরখাস্তটি মঞ্জুরযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

**অতএব,**

**আদেশ হয় যে,**

নিম্ন তফসিলে বর্ণিত স্থাবর সম্পত্তি এতদ্বারা ক্রোক (Attach) করা হইল এবং নিম্নে তফসিলে বর্ণিত ব্যাংক হিসাবসমূহ এতদ্বারা অবরুদ্ধ (Freeze) করা হইল।

**<u>স্থাবর ও অস্থাবর সম্পত্তির তফসিল</u>**

আসামী মোঃ দেলোয়ার হোসেন ও তার স্ত্রী-দ্বয়ের নামীয় স্থাবর ও অস্থাবর সম্পদের বিবরণ নিম্নরূপ :

| ক্রঃ নং | সম্পদের অবস্থান | স্থাবর ও অস্থাবর সম্পদের বিবরণ ও পরিমাণ | যার নামে অর্জিত |
|---|---|---|---|
| ১. | লালমনিরহাট সদর উপজেলা এলাকা। | লালমনিরহাট সদর উপজেলাধীন খোদ্দ সাপটানা মৌজায় সি এস খতিয়ান নং-২১৫/৮, এসএ খতিয়ান নং-২৮১, জরিপ খতিয়ান নং-৩০২৩, ডিপি খতিয়ান নং-৫৩২, সাবেক দাগ নং-৭৭৫ হাল ৩০৮৫ নং দাগে ৫.৫ শতাংশ জমি ও উক্ত জমির উপর নির্মিত ৪ তলা ভবন। | আসামী মোঃ দেলোয়ার হোসেন ও তার প্রথম স্ত্রী মোছাঃ শেফালী বেগম এর নামে। |
| ২. | ঢাকা জেলার দক্ষিণখান থানা এলাকা। | ঢাকা জেলার দক্ষিণখান থানাধীন দক্ষিণখান মৌজার সিএস খতিয়ান নং-৫৩৮, এসএ খতিয়ান নং-৮৩৭, আরএস খতিয়ান নং-১২৮৪ ও সিটি জরিপ ৪২৪৮ নং খতিয়ানে সিএস ও এসএ দাগ নং ২৫৮, আরএস দাগ নং-৩৮৭ ও সিটি জরিপ ১৭৩৭২ নং দাগে ১৮০ অযুতাংশ জমিসহ উক্ত জমির উপর নির্মিত ৪ তলা ভবন (যার বাড়ি নং-২৭, দক্ষিণ মোল্লার টেক, থানা: দক্ষিণখান, ঢাকা।) | আসামী মোঃ দেলোয়ার হোসেন এর নামে। |

| ক্রঃ নং | সম্পদের অবস্থান | স্থাবর ও অস্থাবর সম্পদের বিবরণ ও পরিমাণ | যার নামে অর্জিত |
|---|---|---|---|
| ৩. | ঢাকা জেলার দক্ষিণখান থানা এলাকা। | ঢাকা জেলার দক্ষিণখান থানাধীন দক্ষিণখান মৌজার সিএস খতিয়ান নং-২১৮, এসএ খতিয়ান নং-৩০৭, আরএস খতিয়ান নং-৩০৬ ও সিটি জরিপ ২৬৯৮ নং খতিয়ানে সিএস ও এসএ দাগ নং ২১০,আরএস দাগ নং-৩৮৯ ও সিটি জরিপ ১৭৩৬৭ নং দাগে ২৮০ অযুতাংশ জমিসহ উক্ত জমির উপর নির্মিত টিনসেড ভবন। | আসামী মোঃ দেলোয়ার হোসেন এর নামে। |
| ৪. | ঐ | ঢাকা জেলার দক্ষিণখান থানাধীন দক্ষিণখান মৌজার সিএস খতিয়ান নং-২১৮, এসএ খতিয়ান নং-৬৯৮, আরএস খতিয়ান নং-৮৮৪ ও সিটি জরিপ ৪০৩৯ নং খতিয়ানে সিএস ও এসএ দাগ নং ১৯৯, ২০০ ও ২০১, আরএস দাগ নং-১৩৮ ও সিটি জরিপ ৭৮৭৬ নং দাগে ৬২.০৯ অযুতাংশ জমিসহ উক্ত তপশীলভুক্ত ৭.৫০ কাঠা জমির উপর নির্মিত ভবনের মধ্যে ১৪১৫ বর্গফুটের ১ টি ফ্ল্যাট নং-৩/এ (৩য় তলা) ও কার পার্কিং। | আসামী মোঃ দেলোয়ার হোসেন ও তার দ্বিতীয় স্ত্রী মনিরা ইয়াসমিন হাসি এর নামে। |
| ৫. | ঐ | ঢাকা জেলার দক্ষিণখান থানাধীন দক্ষিণখান মৌজার সিএস খতিয়ান নং-৬০৮, এসএ খতিয়ান নং-৮৯৯, আরএস খতিয়ান নং-৩২১ ও সিটি জরিপ ২৪০৭৯ নং খতিয়ানে সিএস ও এসএ দাগ নং ৪০৮৩/৪১৭৪, আরএস দাগ নং-৭৪৫৪ ও সিটি জরিপ ২৪০৬০ ও ২৪০৬১ নং দাগে ৭০০ অযুতাংশ জমি। | আসামী মোঃ দেলোয়ার হোসেন এর নামে। |
| ৬. | মিউচুয়াল ট্রাষ্ট ব্যাংক লিঃ, ফুলবাড়িয়া শাখা, ঢাকা। | মিউচুয়াল ট্রাষ্ট ব্যাংক লিঃ, ফুলবাড়িয়া শাখা, ঢাকার হিসাব নং-০০২৬-০৩১০০২৩১৭৭ তে ২৩-০৪-২০১৯ খ্রিঃ তারিখের স্থিতি ৮১,৭১৪/- টাকা। | আসামী মোঃ দেলোয়ার হোসেন এর নামে। |
| ৭. | মিউচুয়াল ট্রাষ্ট ব্যাংক লিঃ, উত্তরা মডেল টাউন শাখা, ঢাকা। | মিউচুয়াল ট্রাষ্ট ব্যাংক লিঃ, উত্তরা মডেল টাউন শাখা, ঢাকার হিসাব নং-০০০৭-০২১০০১০৩৮২ তে ২৩-০৪-২০১৯ খ্রিঃ তারিখের স্থিতি ৬১,২৬০/- টাকা। | আসামী মোঃ দেলোয়ার হোসেন ও তার দ্বিতীয় স্ত্রী মনিরা ইয়াসমিন হাসি এর মালিকানাধীন মেসার্স তমা এন্টারপ্রাইজের নামে। |

এতদ্বারা ক্রোককৃত (Attachment) সম্পত্তিসমূহ যাতে হস্তান্তর, বিক্রয় বা মালিকানাস্বত্ব বদল রোধের নিমিত্ত মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন পরিদপ্তর, ১৪, আবদুল গণি রোড, ঢাকা-১০০০; জেলা রেজিস্ট্রার, ঢাকা, ৪৪৬, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা রেজিস্ট্রেশন কমপ্লেক্স, ঢাকা; জেলা রেজিস্ট্রার, লালমনিরহাটকে নির্দেশ দেওয়া গেল।

মিউচুয়াল ট্রাষ্ট ব্যাংক লিঃ, ফুলবাড়িয়া শাখা, ঢাকা ও উত্তরা মডেল টাউন শাখা, ঢাকার ম্যানেজারগণকে এই মর্মে আরও আদেশ প্রদান করা হইল যে, উক্ত হিসাবসমূহের উপর অবরুদ্ধকরণ আদেশ কার্যকর থাকা অবস্থায়ও অভিযুক্ত ব্যক্তি কর্তৃক প্রাপ্ত অর্থ তাহার অবরুদ্ধ হিসাবে জমা করা যাবে কিন্তু কোন অবস্থাতেই উত্তোলন করা যাইবে না।

অত্র আদেশ সরকারি গেজেটে প্রকাশসহ বহুল প্রচারিত দৈনিক জনবাণী এবং The Daily Evening News পত্রিকায় প্রচারের নির্দেশ দেওয়া গেল।

**কে.এম. ইমরুল কায়েশ**
মহানগর দায়রা জজ ও
সিনিয়র স্পেশাল জজ, ঢাকা।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd